* মা *

50Rs.

पचास रुपया

भारत

INDIA

FIFTY RUPEES

५०रु. 50RS

দানপত্র দলিল :-
থানা - রানীগঞ্জ
মূল্য- ৩০০০, টাকা :

দান গ্রহিতা :- নাবালক শ্রী তারকেশ্বর গরাই পক্ষে গার্জেন অলি পিতা শ্রী ভুবন চন্দ্র গরাই পিতা মৃত রাখহরি গরাই জাতি হিন্দু পেষা ব্যবসাদি সাং রানীগঞ্জ থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ চৌকী আসানসোল জেলা বর্দ্ধমান ।

দান দাত্রী :- শ্রী মতি নেহালী বালা দাসী স্বামী মৃত রাখহরি গরাই জাতি হিন্দু পেষা গৃহকর্ম্ম ও সম্পত্তিভোগী সাং রানীগঞ্জ থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ চৌকী আসানসোল জেলা বর্দ্ধমান ।

কস্য শুভ দান পত্র মিদং কার্য্যঞ্চাগে :- জেলা বর্দ্ধমান চৌকী আসানসোল থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ সামীল মৌজা রানীগঞ্জ ও সিহাড়শোল মধ্যে নিম্নের তপশীলোক্ত সম্পত্তি আমার নিজস্ব অর্থে অর্জ্জিত সম্পত্তি হইতেছে এবং আমি তাহাতে দ্বাদশ বর্ষের উর্দ্ধ কাল নিজ স্বত্ত্বে প্রকাশ্যে আমার অপর পরিবার -

30Rs.

तीस रुपया

३०रु. भारत INDIA 30RS

THIRTY RUPEES

বর্গের নিঃসম্পর্কে নিরবিচ্ছিন্নে ভোগ দখল করিতে থাকিয়া আমি অপর একটী স্বাধীন স্বত্ব অর্জন করিয়াছি এবং উহা অক্ষুন্ন আছে। তপশীলোক্ত সম্পত্তি সকলের খাজনা ট্যাক্সাদি আমি নিজ অর্থে নিজ তহবিল হইতে নিজ নামে আদায় দিয়া রসিদ প্রাপ্ত হইয়াছি। বর্ত্তমানের রিভিস্যানেল সেটেলমেন্ট স্বত্ব লিপিতে আমার নাম ও স্বত্বাদি যথাযথ ভাবে লিপিবদ্ধ হইয়াছে। আমি তোমার পিতামহি এবং তুমি আমার পৌত্র হইতেছ, তুমি আমার পরম স্নেহের পাত্রএক্ষনে তুমি নাবালক তোমার সুখ স্বাচ্ছন্দ আমার একমাত্র কাম্য। আমার আরও ছয়টী পৌত্র বর্ত্তমান। এক্ষনে আমার বয়স প্রায় ৭০ বৎসর উর্দ্ধ হইবে, সকল সময় আমি তোমাদের চিন্তায় অতিবাহিত করি। আমার নিজস্ব স্বোপার্জ্জিত নিম্নের তপশীলোক্ত সম্পত্তি সকল তোমরা ভোগ দখল করিলে আমি অত্যন্ত পরিতৃপ্ত হইব। আমি তপশীলোক্ত সম্পত্তি তোমাদিগকে দান করিব মনস্থ করিয়া আমার ইচ্ছা প্রকাশ করায় তোমরা

1R.

INDIA

एक रुपया एक रुपया

ONE RUPEE भारत ONE RUPEE

ও তোমাদের পিতা সর্ব্বান্তঃকরনে তাহাতে সম্মতি দিয়াছ ও তোমরা আমার এই স্নেহের দান গ্রহন করিতে সানন্দে স্বীকৃত হইয়াছ, আমার জীবমানে তোমরা তপশীলোক্ত সম্পত্তি সকল প্রাপ্ত হইলে ও দান গ্রহন করিয়া উহা ভোগ দখল করিলে আমি অত্যন্ত সুখি ও তৃপ্ত হইব, বিষয় কর্ম্ম হইতে অব্যাহতি লাভ করিয়া সর্ব্ব-সময় ভগবানের আরাধনায় লিপ্ত হইতে পারিলে বক্রী জীবন নিশ্চিন্তে ভগবৎ সেবায় অতিবাহিত করিতে পারিলে আমি কৃতার্থ হইব। আমার আয়ুস্কাল প্রায় সম্পূর্ন হইয়া আসিতেছে এবং আর বেশী দিন পরমায়ু নাই এবং আমার জীবমানে সকল ইচ্ছা পূর্ন করিয়া যাইতে বাসনা করি। আমি সকল বিষয় বিবেচনা করিয়া পরম স্নেহ পরবসে নিম্নের তপশীলোক্ত সম্পত্তির অবিভক্ত ১/৭ অংশ অত্র দলিল দ্বারা তোমা-কে দান করিলাম এবং বর্ত্তমানে তুমি নাবালক বিধায় তোমার পক্ষে তোমার পিতা তোমার অলি গার্জ্জেন স্বরূপে আমার এই দান গ্রহন করিল ও উহার খাস দখল

প্রাপ্ত হইল ও আমি উহার খাস দখল তোমার অনুকূলে ছাড়িয়া দিলাম। অত্র দান পত্র মূলে তুমি তপশীলোক্ত সমগ্র সম্পত্তির এজমালে $\frac{1}{৭}$ একের সাত অংশ প্রাপ্ত হইলে। তুমি তোমার অংশে প্রাপ্ত সম্পত্তি তোমার অপরাপর ছয় ভ্রাতার সহিত একত্রে এজমালে সুখে স্বচ্ছন্দে ভোগ দখল করিবে আমি তাহাদিগকেও তপশীলোক্ত সম্পত্তি পৃথকপৃথক দলিল দ্বারা সম অংশে দান করিলাম। তপশীলোক্ত সম্পত্তি সকল সর্বোতোভাবে নির্দ্দায় অবস্থায় আমার খাস দখলে আছে এবং সম্পূর্ন নির্দ্দায় অবস্থায় তোমাকে দান করিয়া উহার খাস দখল দিলাম। তুমি আমাকে যে রূপ শ্রদ্ধা ভক্তি করিয়া আমার আনন্দ বর্দ্ধন করিতেছ আমি যত দিন বাচিয়া থাকিব ততদিন ঐরূপ আনন্দ দান করিবে আমি তোমার নিকট এই রূপ প্রত্যাশা করি, তুমি আমার একমাত্র পুত্রের পুত্র হইতেছ, আমার পৌত্রীগনের বিবাহ হইয়াছে এবং তাহারা সুখে স্বচ্ছন্দে আপন আপন শ্বশুরালয়ে বসবাস করিতেছে, তাহাদের কাহারও কোনও অভাব অভিযোগ নাই। অদ্য তারিখ হইতে দানীয় তপশীলোক্ত সম্পত্তিতে তুমি দান মূলে মালিক স্বত্ত্বান দখলিকার ও দখলাধিকারী হইয়া তুমি পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত ক্রমে দান বিক্রয় দায়বন্ধ হস্তান্তরাদি ক্ষমবানে পরম সুখে উহা ভোগ দখল অধিকার কর ও করিতে থাক তাহাতে আমি বা আমার ওয়ারিশান স্থলাভিষিক্ত কখিতে কেহ কস্মিনকালে কখনও কোন প্রকারের ওজরা পত্য বা দাবি দাওয়া করিব না বা করিতে পারিবে না বা করিলেও তাহা সর্বতোভাবে সর্বস্থানে বাতিল ও নামঞ্জুর হইবে। তুমি দানকৃত সম্পত্তির মালিক হইলে এবং অদ্য তারিখ হইতে উহার আয় উৎপন্নাদি তুমি নিজ নামে আদায় ও গ্রহন করিবে। ধানী জমি ও চাষের জমিতে

চাষাবাদ করিয়া বা করাইয়া , ঘরাদি সম্পত্তি সকল মাসিক ভাড়ায় বিলি করিয়া ও ভাড়া আদায় করিয়া বা উহা খাস দখলে রাখিয়া ও লইয়া , দানীয় সম্পত্তির উন্নতি সাধন , পরিবর্ত্তন , পরিবর্দ্ধন ও যাবতীয় প্রকারে আপন খুসিমত ও ইচ্ছামত ভোগ দখলাধিকার করিবে ও করিতে থাকিবে । তুমি অত্র দলিল বলে মালিক জমিন সেরেস্তায় ও মিউনিসিপ্যালিটীতে নিজ নাম পত্তন করিতে ও নিজ নামে খাজনা ও ট্যাক্সাদি আদায় দিতে পারিবে তজ্জন্য অত্র দলিল যথেষ্ট ও প্রচুর গন্য রহিল । আবশ্যক হইলে তপশীলোক্ত সম্পত্তি তোমরা সকল ভ্রাতা আপোষ বিভাগ বণ্টন করিয়া লইতে পারিবে কিন্তু নাবালক দান গ্রহিতাগন সাবালক না হওয়া পর্য্যন্ত তোমরা তপশীলোক্ত সমগ্র সম্পত্তি এজমালে ভোগাধিকার করিবে ও কোন প্রকারে হস্তান্তর ও দায় আবন্ধ দান বিক্রয় আদি করিবে না ও করিতে পারিবে না । তুমি অদ্য তারিখ হইতে তপশীলোক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব দখল লভ্য ও অধিকারাদি ছিল ও আছে তৎসমুদায় প্রাপ্ত হইলে ও আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইলে । অদ্য তারিখ হইতে তপশীলোক্ত সম্পত্তি সকলের অবিভক্ত $\frac{১}{৭}$ একের সাত অংশের দেয় খাজনা ট্যাক্সাদি তুমি আদায় দিবে ও দিতে থাকিবে তাহার সহিত আমার আর কোন সম্পর্ক থাকিল না বা থাকিবে না ।

এতদর্থে সুস্থ শরিরে সরল মনে স্বেচ্ছায় আমি তপশীলোক্ত সমগ্র সম্পত্তির একের সাত অংশ(এজমাল) তোমাকে দান করিলাম ও অত্র দলিলের মর্ম্ম জানিয়া শুনিয়া বুঝিয়া এবং অত্র দলিলের ষ্টাম্প নির্নয় জন্য তপশীলোক্ত দানীয় সম্পত্তির ৩০০০্ তিন হাজার টাকা মূল্য স্থিরতরে অত্র দলিলে টিপ সহি দিয়া তোমার বরাবর অত্র দান পত্র দলিল সম্পাদন করিলাম । ইতি সন ১৩৭৫ সাল তাং ১৪ ই -

বৈশাখ ইং তাং ২৭।৪।৬৮ -

* তপশীল *

১দফা:- জেলা বর্দ্ধমান চৌকী আসানসোল থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ সামীল ২৪ নং মৌজা রানীগঞ্জ মিউনিসিপ্যালিটী মধ্যে খতিয়ান নং ১৪৮৫, জমিদার পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ই, এ, কালেকটর বর্দ্ধমান মারফৎ জে, এল, আর, ও রানীগঞ্জ পোষ্ট রানীগঞ্জ জেলা বর্দ্ধমান।

১। ২০৭০ দুই হাজার সোত্তর দাগ বাস্তু পরিমান .১১৭ শতক, বার্ষিক জমা এক মোট ৭.১২ পয়সা জমার সামীল হারাহারী, দখলকার বসত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহা আর, আর, রোডের ৫১ নং হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .০১৭ শতক। মূল্য- ১০০০৲ টাকা

২ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৪৮৯, জমিদার ঐ।

১। ২১১৯ একশ শত উনিশ দাগ বাস্তু পরিমান .০২৭ শতক, বার্ষিক জমা একমোট ১.৮৮ পয়সা জমার সামীল হারাহারী, দখলকার বসত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহা আর, আর, রোডের ৪৯ নং হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .০০৪ শতক,।

মূল্য - ৪২৯৲ টাকা।

৩ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৮০৬, জমিদার ঐ।

১। ২১১৮ একশ শত আঠার দাগ বাস্তু পরিমান .০২৪ শতক বা দেড়কাঠা, বার্ষিক জমা একমোট ১.৫০ পয়সা জমার সামীল হারাহারী, দখলকার বসত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহা আর, আর

রোডের ৫০ নং হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .০০৩ শতক, ।

মূল্য -৩৫৭\ টাকা ।

৪ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ২৩৬১, জমিদার ঐ। আর, এস, খং ৩১২৯ ।

১। $\frac{১৬৭}{৫৩৫০}$ এক শত সাতষট্টি বাটা তিপান্ন শত পঞ্চাশ দাগ বাস্তু পরিমান .০৯ শ:

২। $\frac{১৬৬}{৫৩৯৭}$ এক শত ছেষট্টি বাটা তিপান্ন শত সাতানব্বই দাগ বাস্তু পরিমান .০৪ শ:

মোট .১৩ শতক, দখলকার বসত: স্বত্ত্বীয়

বাস্তু যায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহা পি, এন, মালিয়া রোডস্থ ১২৪ নং এবং পি, এন, বাড়বাই লেনস্থ ১ নং হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত .০২ শতক । মূল্য- ৫০০\ টাকা

৫ দফা:-ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৩৬৩, জমিদার ঐ ।

১। ৪১ একচল্লিশ দাগ গড়লায়েক পতিত পরিমান ১.১০ শতক,

২। ৫২ বাহান্ন দাগ বাইদ পরিমান ..... .৯২ শতক,

৩। ৫৫ পঞ্চান্ন দাগ বাইদ পরিমান ...... .০৭ শতক,

৪। $\frac{৪১}{১২৮৩}$ একচল্লিশ বাটা বার শত তিরাশী দাগ ডাঙ্গা পরিমান .১৩ শতক ।

মোট ২.২২ শতক মধ্যে .১৬৬$\frac{১}{২}$ তন্মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .২৪ শতক, বার্ষিক জমা একমোট ২.২২ শতকের কাত ৫.৬২ পয়সা জমার সামীল হারাহারী মতে দেয়, রায়তস্থিতিবান স্বত্ত্বীয় । মূল্য- ১৪৩\ টাকা

৬ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৩৬৯, জমিদার ঐ ।

১। ১০৫০ একহাজার পঞ্চাশ দাগ বাইদ পরিমান .৬১০ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .৮৭ শতক, বার্ষিক জমা একযোট .৬১০ শতকের কাত ২.৯৫ পয়সা জমার সামীল সারাহারী দেয়, রায়তস্থিতিবান স্বত্বীয়। মূল্য - ৮৬৲ টাকা

৭ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৩৭৬, জমিদার ঐ।

১। ৫৭ সাতান্ন দাগ বাইদ পরিমান .৪১ শতক,

২। ৫৬ ছাপান্ন দাগ বাইদ পরিমান .৩০ শতক।

যোট .৭১ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .১০ শতক, বার্ষিক জমা একযোট ৩.৩১ পয়সা জমার সামীল রায়তস্থিতিবান স্বত্বীয়। মূল্য - ১০০৲ টাকা

৮ দফা:- ঐ জেলাদির সামীল ১৭ নং মৌজা সিহাড়শোল মধ্যে খতিয়ান নং৩৩৩ হইতে বর্ত্তমান আর, এস, খতিয়ান নং ৯৭২, জমিদার ঐ।

১। ৪৭৫২ সাতচল্লিশ শত বাহান্ন দাগ কানালী পরিমান .২৮ শতক,

২। ৪৭৫৫ সাতচল্লিশ শত পঞ্চান্ন দাগ কানালী পরিমান .৯৬ শতক।

যোট ১.২৪ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .১৮ শতক। বার্ষিক জমা একযোট ১.২৪ শতকের কাত ১০.৮৬ পয়সা জমার সামীল রায়তস্থিতিবান স্বত্বীয়। মূল্য - ১৪০৲ টাকা।

৯ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ২৫১ হইতে আর, এস, খতিয়ান নং ১২০১, জমিদার ঐ।

১। ৪৭৪৩ সাতচল্লিশ শত তেতাল্লিশ দাগ কানালী পরিমান .২০ শতক,

২। ৪৭৫৬ সাত চল্লিশ শত ছাপান্ন দাগ কানালী পরিমান .৩৩ শতক,

৩। ১০৪৭ একহাজার সাতচল্লিশ দাগ বাইদ পরিমান .০৩ শতক। সর্ব মোট .৫৬ শতক মধ্যে অবিভক্ত ১/৭ অংশ কাত আং .০৮ শতক, বার্ষিক জমা একমোট .৫৬ শতকের কাত ২.৭১ পয়সা জমার সামীল হারাহারী দেয়, রায়তস্থিতিবান স্বত্বীয়।

মূল্য- ১০০্ টাকা।

১০ দফা:- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ২৬৫ হইতে আর, এস, খতিয়ান নং - ৯৭৮, জমিদার ঐ।

১। ৪৭৩৭ সাতচল্লিশ শত সাইত্রিশ দাগ বাইদ পরিমান .১০ শতক,

২। ৪৭৪৪ সাতচল্লিশ শত চুয়াল্লিশ দাগ বাইদ পরিমান .০৭ শতক,

৩। ৪৭৫৩ সাতচল্লিশ শত তিপান্ন দাগ কানালী পরিমান .৭০ শতক,

৪। ৪৭৫৭ সাতচল্লিশ শত সাতান্ন দাগ কানালী পরিমান .৬৯ শতক।

মোট ১.৫৬ শতক মধ্যে অবিভক্ত ১/৭ অংশ কাত আং .২২ শতক, বার্ষিক জমা একমোট ১.৫৬ শতকের কাত ১২.৫০ পয়সা জমার সামীল হারাহারী রায়তস্থিতিবান স্বত্বীয়। মূল্য- ১৪২্ টাকা।

টাইপিষ্ট :-
অত্র দলিল দাত্রীর কহত মতে টাইপ করিলাম ও পড়িয়া শুনাইলাম।

সাং রানীগঞ্জ।

ইসাদি :-